Everybody gets shaken up. Mr. Gopalkrishna Murty, the owner-cum-manager of the hotel, comes to supervise personally to make sure the guests are happy with the breakfast. He is serious and very sincere with his new venture. Mr. Murty is a fine gentleman with a charming personality. Godadhar greets him back.
"By the way, your car has arrived. What is today's program, may I ask?"
"Our program for today is to visit the Ellora caves," Godadhar says.
"Very good; but you may consider visiting Daulatabad Fort on the way. And yes, you may also visit the beautiful Grishneshwar Temple that comes on the way too. "
"Thank you Mr. Murty for your interesting suggestions. We will certainly try to include them in our program for today."

Mr. Murty insists that everybody taste the special coffee he has instructed the chef to make for the guests. He also joins with them with a cup.
"A friend of mine is coming to see me in a short while; may be you will like to meet with him." Gopalkrishna continues. "He is a Bengali gentleman and a very interesting and knowledgeable person. I will introduce him to you."
"Sure, it will be a pleasure," Godadhar says while sipping on the delightful coffee made especially on manager's order.
One by one everybody comes down to the lobby. Godadhar notices a man of matured age with white hair sitting on a chair near the receptionist's table. He is also looking at Godadhar with a smiling face.

“Here is the gentleman I told you about. This is Mr. Roy.” Gopalkrishna appears suddenly and introduces Mr. Roy to Godadhar. Mr. Roy says in Bengali with folded hands and a loud laugh,
“*Adhamer naam Golak Chandra Roy* (this lowly person’s name is Golak Chandra Roy).”
It doesn’t take long for Godadhar to learn that Mr. Roy is a humorous and friendly person. They continue their conversation like two old friends. Kamalika rushes in saying,
“There you’re again, absorbed in conversation forgetting the rest of the world. Indra says we are already late.”
“Excuse me for interrupting.” Gopalkrishna is always very gentle and modest. “May I suggest you take Mr. Roy with you? He will be a great help if you need explanation. Mr. Roy, as I know him, will be more than glad.”
This suggestion is more than welcome. So Mr. Roy accompanies them and the journey begins.
“Now we have somebody experienced with us; we don’t have to depend on the driver alone.” Godadhar feels relieved and comfortable.
“Yes, if you say so, Doctor; I’ll take the role of leadership. But I must be excused if I disappoint you.” Golak Roy laughs aloud.
“What do you do Mr. Roy?” Godadhar asks after a long pause.
“Nothing, ha, ha, ha! I’m retired.”
“Tell us about yourself, Mr. Roy. You seem to be a very interesting person.”
Golak Roy laughs loudly.
“Interesting person! Ha, ha, ha! Do you know what people call me? Weirdo, a man lacking common sense. And especially our Bengali friends call me *O bata pagol* (that man is crazy).”
Everybody laughs.
“I call myself a vagabond – a lifelong, single, talkative vagabond who talks about anything meaninglessly and eats about anything ravenously.” Golak Roy laughs aloud again. “I left my home town – a small town in Bengal – when I was 15. I lost my mother when I was only 4 years old. She used to call me Goltu, very lovingly; I still remember. My father married again and my life took a ruinous turn. Goltu got killed; my father started calling me *Golla* (zero). The family got infested with many kids who also didn’t like me. I became a real unwanted *Golla* in the family. So I left. Hey, look! We have reached the first site – Bibi ka Maqbarra.”

Bibi ka Maqbarra

“What is Maqbarra, Candida?” Priyanka has been silent for a long time and a bit shy too.
“Maqbarra comes from the Arabic word *Qabr* meaning ‘grave’. It is a grave with a monument for famous religious figures. You may call it a mausoleum.” Kamalika tries to make the answer as complete as possible knowing Priyanka’s nature of asking questions. “This is the tomb on the grave of Dilras Banu Begam or Rubia-ud-Durrani, wife of the Mughal Emperor Aurangeb.”

Situated at a distance of about 3 km from Aurangabad, the Maqbarra resembles the famous Tajmahal of Agra. As it is not as glamorous as the Taj, it is often called the Mini Taj of the Deccan. It stands in splendid beauty in the middle of a well planned Mughal garden. Ponds, fountains, broad pathways and bushy trees with bright orange-red blossom adorn the spacious garden. The magnificent marble dome in the center of the mausoleum is surrounded by four smaller domes with corresponding minarets in the corners. Four tall minarets stand gracefully in four corners of the main structure. This elegant white monument is visible from all directions. There is a small museum on the right side of the Maqbarra. It contains some of the most cherished possessions of Aurangeb. And on the left, there is a mosque. The name of the architect, Ataullah, is inscribed on the brass door of the entrance gate.

“The Maqbarra is smaller than the Taj; is that the only difference?” Priyanka asks.
Golak Roy comes close to Priyanka and says, “Apart from its smallness, the most obvious difference is one of proportions. For example, the pillars adjacent to the smaller domes are taller than those domes. In the Taj, they are just the opposite. Moreover, these pillars are bigger in diameter.”
“And it was constructed long after the Taj, ya?”
“Yes, started in 1653 or so and took a few years to finish.”

Bibi ka Maqbarra

"The Maqbarra looks like the Taj, but much less glamorous," Priyanka remarks.
"Certainly, Miss Priyanka. That's why it is called the Poor Man's Taj." Mr. Roy explains. "It was constructed by Muhammad Azam Shah, son of Aurangeb, in memory of his mother. Aurangeb granted only 700000/- rupees for this construction; the Taj Mahal's cost was 32 million rupees. So, that explains."
"The Taj Mahal stands as the shining emblem of the Mughal Empire of its glorious days and the Maqbarra as a symbol of its decline," Godadhar says looking at the Maqbarra in a pensive mood. "But it has its own charm and glory that give it a prestigious status in Aurangabad."

"Is Aurangeb's grave there inside the Maqbarra like Shajahan's in the Taj?" Priyanka looks seriously thoughtful.
"No, Miss Priyanka." Golak Roy explains. "Aurangeb's grave is in Khuldabad, about 20 some kilometer from here. And you know, Aurangeb's grave is a very ordinary one. The Emperor didn't want any marble monument shielding him from the sky."
Kamalika says, "There is an interesting legend about his grave. Aurangeb decreed on his deathbed that only the money that he himself earned be spent on his grave. That amount was only a few rupees coming from selling the caps that the Emperor himself stitched."

Daulatabad

Mr. Roy talks about planning the visits of the day. There are many interesting places and not all can be covered in one day's program. Daulatabad Fort will be seen from a distance instead of climbing the mountain and going around inside the Fort. It will be on the way to Ellora about 12 km from here. The car hits the road.
"I'm pretty sure this city was named after Aurangeb," Priyanka says looking smilingly at everybody.
Kamalika says, "Yes Priyanka, you're right. But there is some history behind it. Initially it was a small village named Khirki which was renamed as Fatehpur by the then king Fateh Khan. It was later known as Fatehnagar. In 1653, Prince Aurangeb was appointed as Governor of the Decan. He chose Fatehnagar as his capital and called it Aurangabad."

“Very interesting name changing history. I think it’s time they call it by some other name.” Priyanka’s humorous remark makes everyone laugh.

Daulatabad Fort

“As you said, there are many places of interest in Aurangabad, right?” Indra says.
“Besides the places you have in your program, yes, there are many more to see in Aurangabad.” Mr. Roy responds. “Aurangabad caves, Pitalkhora caves, Banu Begam Gardens, Himroo Factory, the city itself are some to mention.”
“So our next stop is Daulatabad, isn’t it?” Godadhar wants to talk about the program of the day. Kamalika speaks out instantly as though it were her subject to talk about and laughs.
“The name Daulatabad reminds me immediately of Muhammad Bin Tughlak.”
“What about Tughlak that makes you laugh?” Priyanka asks.
“He was a crazy king, almost proverbial. Although a very learned man, he took an unwise decision to shift his capital from Delhi along with its population, cattle and everything to Daulatabad. When it didn’t work after two years, he shifted back to Delhi again with everything like before. This caused a lot of misery for the people and a lot of loss for the country.”
“One has to be out of his mind to take such a decision.” Meenakshi joins in the conversation. Indra and Meenakshi very rarely participate in conversations. They give their attention to organization and execution of the plans and programs.
“Daulatabad must be a very attractive place,” Priyanka remarks.
“Yes, it is.” Mr. Roy says. “It was once known as Devagiri during the period of the Yadava dynasty. King Bhillama, a ruler of this dynasty, constructed a huge palace on the top of the Devagiri hill. After this dynasty, the Muslim rulers made Devagiri their capital and called it Daulatabad. They enhanced the grandeur of Daulatabad and turned it into a practically impenetrable fort.”

The driver stops the car in a convenient place from where one can have a good look of the fort on the top of the Devagiri hill. Mr. Roy gives some description about the fort. It was Malik Ambar, the then prime minister of Ahamadnagar, who constructed a magnificent palace on the hill top. There are mosques and beautiful gardens in this palace complex. He excavated a ditch around the hill to make it inaccessible to the enemy. The king of Golkunda was imprisoned in the Daulatabad fort after he was defeated by

Aurangeb. That's all for Daulatabad for today; hope you come back some other time to see the fort more closely on the hill top.

Grishneshwar Temple

"Now our next stop will be at the Grishneshwar Temple," Mr. Roy continues. "It's about 10 km from here. It's a Hindu temple dedicated to Lord Shiva and is well known as one of the twelve *Jyotirlingas*.'
Priyanka doesn't lose a second for asking questions.
"The name of the temple is such a big word – what is it? And Jyotirlinga?"
"I expected these questions Miss Priyanka; let me explain. " Mr. Roy goes on. Linga as you may know means emblem or symbol. So jyotirlinga is linga of light. That's for the meaning. A shrine where Lord Shiva is worshipped in the form of Jyotirlinga is called a *Jyortirlinga.* There are twelve such *Jyotirlingas* all over India, of which there are three in Maharashtra. One of these three is this Grishneshwar Temple. And yes, the name of this temple is a big word. It has a few other names too and equally big. Each name is associated with a legend.

Grishneshwar Temple

"I am sure one can find these legends in *Shiva Purans,*" Godadhar says.
"You're right," Mr. Roy continues. For example, the name Grishneshwar comes from the following story. I'll narrate it very briefly.

Once Parvati, consort of Lord Shiva, was mixing vermillion and saffron in her left palm. She was stirring the mixture by rubbing her right thumb on the palm. She wanted to put it on her hair parting. At this point, a miracle happened. The mixture started emitting bright light when Lord Shiva appeared and said that it was *Jyotirlinga* he had brought from where it was hidden, Parvati transferred this glorious light to a stone form of linga and installed it in this temple. She called this Linga '*Gharshaneshwar*'; *Gharshan* means rubbing. Grishneshwar is a derived form of Gharshaneshwar.

There is another legend – Mr. Roy goes on narrating – that is more popular among the local people. On a mountain called Devagiri, there lived a Brahmin scholar named Sudharma along with his wife Sudeha. They did not have a child; so Sudeha was very unhappy. She persuaded Sudharma to marry Ghushma or

Kusuma, her sister. Ghushma was a devout devotee of Lord Shiva. She used to perform routinely all daily rituals for worshipping her God. She gave birth to a baby boy. This happy event turned out to be too much for Sudeha to bear. Out of jealousy, she killed the little boy. Ghushma, extremely grieved by the loss of her child, did not break down. She continued her daily rituals and worshipping. Lord Shiva appeared before her and gave life back to her child, while the villagers were watching. Lord Shiva, pleased with her devotion, told her to ask for a boon. She requested Shiva to reside eternally in their village and be known after her name. Lord Shiva manifested himself in the form of *Jyotirlinga* and stayed there as Ghushmeshwar or Kusumeshwar.

"There is a beautiful temple. That must be it." Priyanka seems to be excited.
"Yes, that's it," says Mr. Roy. "Grishneshwar, here we come."

Ellora Cave no. 12

The yard in front of the temple is a market place. There are a few stalls, among others, that sell only the articles that one needs for worshipping. The temple appears gorgeous with beautiful carvings. There is a court hall built on 24 pillars that also have beautiful carvings on them. The temple was constructed by Chhatrapati Shivaji's grandfather Maloji Bhosale in the 16th century. He was the chief of the village Verul. It was later reconstructed by Ahilyabai Holkar in the 18th century.

Kamalika says, “I guess she is the same Rajmata Ahilyabai, Queen of the Malwa kingdom, who constructed the Kashi Vishwanath Temple as well as many other temples in India.”
“Absolutely, Madam,” Mr. Roy says. “It’s all her. And now we should proceed towards the world famous Ellora Caves. Are you ready?” Priyanka jumps with excitement saying,
“Yes, we are! Can’t wait any more for the best part of the tour.”

Ellora Caves

“Talking about the Ellora Caves,” Mr. Roy continues, “we must plan our visit. There are 34 caves and we cannot see them all. So we will restrict our visit to a selected few.”
“Sounds great,” Indra says.
“No! I want to see all the caves.” Priyanka sounds very disappointed.
“There is one sure way of doing this Priyanka,” Indra says. “You give a sweeping look from one end of the series of caves to the other and count them all; you will be happy and thank me.”

Intricate sculpture in Ellora Cave

“Stop teasing me baba. You’re always like that.” Priyanka is seemingly angry.
A few kilometers drive and there it is. A long stretch of hill with many caves comes to sight. In the front of the hill, there is a spacious green land with grass and a few trees. A great scenery with a vast treasure of art, history and architectural marvels waiting to unfold itself to the new visitors, as it has done to millions of them before. The Ellora Caves are a sequence of monuments excavated during the period from 6th to 12th century AD and are dedicated to the three faiths – Buddhism, Hinduism and Jainism. These caves boldly illustrate the creative excellence of the artists of ancient India as well as the spirit of religious tolerance that prevailed during this period of history.

The first 12 caves belong to Buddhism. They were constructed first before the other caves. These caves are mostly *Viharas* (monasteries). Some of them are huge multi-storeyed structures including living quarters, sleeping quarters, kitchens etc. There are carvings of Buddha, bodhisattvas in these caves. Mr. Roy says we will visit caves 2, 5, 10, 11 and 12 in this group.

Cave 16: Courtyard in Kailashnatha

The cave no. 2, although relatively small, looks very impressive. Its simple facade leads to a gorgeous interior that is supported by 12 square-based pillars. There are a number of carvings of Buddha of which some are with Bodhisattvas seated under trees. Cave 5 is the largest single-storeyed cave in this group. It's embellished with many wonderful carvings of which dwarfs dancing and playing on musical instruments are attractive. But the most famous is the cave no. 10, popularly known as *Vishwakarma*. It has a multi-storeyed, highly ornamental façade. Mr. Roy leads them to a cathedral-like hall and says,
"It's a *Chaitya* hall (shrine). And look at the end; do you see a Buddha statue? It's about 15 feet tall. But more spectacular is its ceiling. It has been carved in such a way that you get the impression of arched wooden beams. Isn't it wonderful?"
Caves 11 and 12 are also very big structures. Cave 11 is two-storeyed or *Do Tal* and 12 is three-storeyed or *Tin Tal*. There are images of Durga and Ganesh on the rear wall of cave 11. The upper levels of both these caves were used as residence by the monks. Mr. Roy says if you look carefully, you will notice that these two caves show a remarkable transformation in architectural style. According to some scholars, these caves belong to neither of the two popular schools of Buddhism called *Mahayana* and *Hinayana*, but to a third school, namely *Vajrayana*,. Godadhar strolls past the intricately carved walls on the second and third levels of cave 12. Standing amidst the exquisite carvings, he gets overwhelmed with an amazing feeling. The architectural splendour and artistic expressions are so imposing that the civilization of ancient India seems to have been brought back to life.

Cave 16: Kailashnatha

The next phase of caves is the so called Hindu caves or Brahmanical caves numbering from 13 to 29. This is a different class of caves that distinguish itself from the previous one by the fact that the calm contemplation of Buddhism has given way to the dynamism of Hindu mythology. These caves draw the most attention. Both historians and tourists show much interest in these caves. Godadhar says,
"The inclusion of some Hindu and Jain themes in Buddhist caves is remarkable. I wonder if it indicates kind of slow decline of Buddhism during this period."
"It's a wonderful observation, doctor," Mr. Roy says laughingly. "I'm sure the historians will agree with you." Mr. Roy selects only five must-see caves in this group, given the time available for the day. They are 14,15,16,21 and 29 of which the cave no. 16 is the most spectacular, he says.
Cave 14 distinguishes itself by four beautiful pillars in the façade. Inside, there is a wide *Pradakshina* (walkway) round the shrine. The magnificent carvings and sculptures tell a great number of mythological legends. Both *Shaiva* and *Vaishnava* themes are illustrated. One especially remarkable is the *Tandava* dance (dance of destruction) of Shiva. Kamalika points out to Priyanka the images of *Parvati, Bhringi, Brahma, Vishnu, Indra and Agni* surrounding Shiva. Another panel shows Vishnu in his heaven *Baikuntha* with *Lakshmi, Sita,* and four attendants. Cave 15 is popularly known as *Dashavatara* (ten Avatars). It tells numerous tales about the different Avatars of Vishnu. Shiva rides the divine chariot killing the demons and destroying their palaces.

Cave 16 is known as *Kailasha* (Mount Kailasha, the abode of Lord Shiva) or *Kailashnatha* (Lord Shiva). It is the climax, the magnificent masterpiece. It really stands out as the most spectacular among all the Ellora caves. It looks like a huge, muti-storeyed temple complex that justifiably deserves the name the Great Kailasha. It's hard to believe that it has been hewed out of one single rock.
"No wonder Ellora has been world famous for this largest monolithic excavation in the world," Godadhar says.
"You know," Mr. Roy says, "this temple complex was initially plastered in white to give it a look of the snow covered mount Kailash. Imagine how awesome it looked."
"It's already awesome, Mr. Roy," Godadhar says. "And with that snow looking plaster? That's icing on the cake. I guess I would get awe-struck with my unblinking eyes frozen at the sight."
Golak Roy laughs in his usual manner.

Kailashnatha with a Dhwajastambha in the center

The two-storeyed gateway of this cave opens to a U-shaped courtyard edged by columned galleries. This cave consists of a Shiva shrine, a flat-roofed Mandapa - called Nandi Mandapa - supported by 16 pillars, huge panels containing numerous sculptures of a variety of deities and two *Dhwajastambhas* (pillars with flagstaff). The sculptures illustrate the legends of Shiva and Vishnu and stories from the *Mahabharata* and the *Ramayana*. Kamalika says,
"The sculpture of Ravana attempting to lift mount Kailasha and that of Lakshmi being bathed by elephants with pots in their trunks are most beautiful."
"I love them all," Meenakshi says. "They are astounding."
"Me too," Priyanka says. "I like them all."
Godadhar, wonder-struck, says, "It's a magnificent show. I'm spell-bound and feel like I'm drawn deep into the show, while a charming, melodious harmony is being played by a great orchestra. It's such a brilliant feat of architectural and artistic creation! I guess, the artists themselves couldn't believe they created this."
Godadhar, mesmerized, keeps on looking all around. Kamalika shakes him up saying,
"Come on. You seem to be completely lost in the scenery as you always are."
"That's right. I want to be totally absorbed by this great scene of stunning beauty and be a part of it"
"Oh no! That'll spoil the whole show. You will look like an ugly crane among graceful swans."
Golak Roy comes forward and says,
"Now let the cranes and swans fly out of this cave and go for the next ones. Shall we?"

Indra wonders how long it might have taken to complete the excavation of this cave. "According to some documents," Mr. Roy says, "it took about 100 years. It could be an exaggeration. The beginning of the excavation is attributed to Krishna 1 of Rashtrakuta dynasty."
Cave 21 is known as *Rameshwara*. There is a court with Nandi in the middle and some shrines. The fine carvings of many deities and amorous couples are fascinating. In cave 29, there are carvings on walls depicting legends about Shiva, especially as destroyer.

“Cave 16, the Great Kailasha, charmed us so much,” says Kamalika, “that we felt like only walking through the last two caves.”
“That’s true,” Mr. Roy says. “Now you’ll see the Jain caves. They are kind of anti-climax, but are celebrated for peace and simplicity that they radiate.”
Cave 30 is known as *Chhota Kailasha* (small Kailasha); it’s a small but incomplete version of the Great Kailasha, decorated with carvings of Jain Saints and deities. Within the shrine, there is an image of *Mahavira*, the founder of Jainism, sitting on a lion-throne. Cave 32 is sometimes called *Indra Shabha* (Assembly Hall of *Indra*). There is a court in the upper level with numerous carvings of lions, elephants and *Tirthankars* (Jain Gurus). A fine carving of a massive lotus flower on the ceiling is remarkable.
“Why is a Jain cave called Indra Shabha?” Priyanka didn’t ask questions for a while; she was so absorbed in visiting. Her inquisitive mind stepped aside giving way to her heart to enjoy the wonderful sights to the fullest extent.
“Good question Miss Priyanka,” Mr. Roy says. “Probably one of the sculptures was wrongly identified as that of *Indra*.”
Cave 34 is a small one, but there is an aura of calm and peace. There is a shrine with *Mahavira* in the center.

Jain Cave

It is time to return to Aurangabad. Godadhar says,
“I have noticed that the sculpted figures in the Jain caves are less expressive; but that goes well with the simplicity and austerity preached by the religion.”
“That’s right doctor,” Mr. Roy says. “Every religion has left its characteristic mark. You must have noticed the opposite in the Hindu figures having all kinds of emotion.”
“It’s a great theme; I mean a conglomeration of religions in one place, displaying unity and solidarity. Don’t you think we should learn from it and readapt it for today’s world?”
“Absolutely, absolutely. I’m all for it. But my personal choice will be to do away with them.”

While boarding the car, Golak Roy suggests, “I would like to take you to one historic place with practically no glamour. It’s in the city, called Panchakki. Would you like to go?”
“But,” Meenakshi says, “we would like to go for some shopping, especially saree. I wonder if we will get time for all these.”
Mr. Roy laughs aloud.
“Don’t you worry at all. No visitor leaves Aurangabad without a Paithani Saree. There is a saree showroom of indisputable reputation on the way; we will go there first.”
“Is the Paithan town near by?” Indra asks.
“Not too near,” Mr. Roy says. “It’s about 50 km from here. You know, its original name was Pratishthana, which was the capital of the *Satbahana* dynasty. Now it’s famous for its sarees.”
“Ajanta caves were abandoned and forgotten for centuries,” Meenakshi remarks. “But Ellora, not too far from Ajanta, has remained in the limelight always. This contrariness puzzles me.”
“Location may be the answer.” Godadhar says. “Ajanta being located deep inside a wood was out of the way for local people as well as visitors, and so was lost to oblivion. Ellora’s location on the contrary is close to the trade routes and residential areas. Many travelers and royal people have been visiting these caves since as early as the 10^{th} century.”

After the saree shop, the car heads towards Aurangabad. Panchakki is only a kilometer from the city. It’s a very old concept of artificial water supply.
“In ancient India,” Mr. Roy says, “concept of artificial supply of water for the public did not exist. But it did in Iran and Egypt from where the Muslims imported it to India.” Panchakki, a 17^{th} century water mill, is especially known for its underground water channel that traverses about 8 km from a mountain. The channel is artificially made to end into a beautiful water-fall that powers the mill.

After a long day’s visit, no one is interested to get off the car to go close to the fall.
“It’s understandable,” Mr. Roy says. “But I will get down here saying goodbye to you. I have enjoyed your company very much; it’s beyond measure.’
After exchange of greetings and hand shaking, Mr. Golak Roy gets off the car. Godadhar looks back. Golak Roy waves his hand and says with his usual loud laughter, “please forget you ever met a weirdo like me.”
The car speeds up; the hotel is only a few kilometers away.

প্রদীপের নিচেই

নন্দিতা ভাটনগর

তখনও আমার কর্মজীবন শেষ হয়নি। ঘটনাটা সেই সময়কার অর্থাৎ ঘটেছিলো অনেকদিন আগে। কিন্তু আজও ভুলতে পারিনি। ঠিক সক্কাল বেলা কাজের ভূতে ঢেলা মারত আর ঊর্দ্ধশ্বাসে বেরিয়ে যেতাম বাড়ি থেকে। কর্মস্থলটি ছিল শহরের কেন্দ্রীয় পাঠাগার। ঘটনাটা ঘটেছিল এখানেই বেশ কিছু বছর আগে।
তখন শরৎ-হেমন্তের রং বদলের পালা শেষ করে মেপল্ গাছগুলো পাতা ঝরিয়ে রিক্ত বেশে দাঁড়িয়ে আছে। আকাশে-বাতাসে কেমন একটা থম্‌থমে ভাব; তাপমাত্রাও নামতে আরম্ভ করেছে। বরফের দিন এলো বলে। এমনই একটা উজ্জ্বলতাবিহীন সকালে প্রথম আমার চোখ পড়েছিল বুড়ো মানুষটির ওপরে।

কাজে গিয়ে প্রথমেই যেতে হত মাসিক ও সাপ্তাহিক পত্র-পত্রিকাগুলোর ঠিকুজী মেলাবার জন্য, পাঠকদের ভিড় শুরু হবার আগেই। ওঁরা এসে যে বৈঠকখানাটিতে বসেন, তারই দুদিকের দেওয়ালে থাকে সাজানো সারি সারি তাকে, বিভিন্ন ধরণের রংবেরঙের পত্রিকাগুলো। নানা ধরণের, নানা বয়সের মানুষদের দেখতে পেতাম এ জায়গাটিতে; তাঁদের পঠনরুচিও যে কত বিচিত্র! কেউ বসতেন ফাইন্যানশিয়াল পোষ্ট বা ওয়াল স্ট্রিট্ জার্নাল নিয়ে; কেউবা দেখতেন কেবল 'ভ্যোগ' অথবা 'ম্যাকল'এর প্যাটার্ন সংখ্যা। আবার দেখতাম স্কিন্‌হেডদের হাতে 'হটরড্' পত্রিকাটির বাহার, কিম্বা 'সেভেন্‌টিন' হাতে নিয়ে কিশোরীদের জটলা। বড়দিন আর থ্যাংক্‌সগিভিং-এর মরসুমে দেখতে পেতাম 'গুরমে' অথবা 'ক্যানেডিয়ান লিভিং' নিয়ে গৃহিণীদের কাড়াকাড়ি - নতুন রন্ধনপদ্ধতির সন্ধানে। বৃদ্ধ রোজ এসে বসতেন এইখানটিতেই। দেখতাম উনি আধময়লা স্যুট পরে এসে ঢুকতেন সকাল বেলায়; দরজা খোলার সঙ্গে সঙ্গেই! এদিক ওদিক ঘুরে হাতে তুলে নিতেন এক গোছা পত্রিকা। তারপরে গরম হাওয়া ঢোকবার একটা ভেন্টের সবচেয়ে কাছের চেয়ারে বসে পাতা ওল্টাতেন আপন-মনে। মাঝে মাঝে তাঁকে সরব স্বগতোক্তিও কানে আসত। লক্ষ্য করেছিলাম দূর থেকে - উনি কোন বিশেষ পাতায় আঙুল রেখে কথা বলতেন, এবং ওঁর ঘোলাটে চোখ দুটো উজ্জ্বল হয়ে উঠত! আমার তখন থাকতো কাজের তাড়া, তাই খেয়াল করে দেখিনি কি পড়তেন উনি।

একদিন কোন পত্রিকার একটা বিশেষ সংখ্যার সন্ধানে গিয়ে পড়েছিলাম ঐখানে। দুপুর তখন গড়িয়ে গেছে; বাইরে সেদিন প্রচন্ড শীত। বড়দিন আসতে আর মাত্র সপ্তাহখানেক বাকি। আগেরদিন রাত্রে বেশ কয়েক সেন্টিমিটার বরফ পড়ে সব সাদা হয়ে গেছে। চড়ুই আর পায়রা ছাড়া আর সব পাখীর দল উধাও হয়ে গেছে। সেই পাতাঝরা মেপল্‌গুলোর ধূসর, নগ্ন ডালে ডালে বরফের আস্তরণ। মনে হচ্ছিল কেউ যেন মোটা তুলি দিয়ে সাদা তেলরঙের ঘন আঁচড় লাগিয়ে গেছে রাতারাতি! দেখলাম, সেই বৃদ্ধ ঘুমে ঢুলে পড়েছেন চেয়ারে বসে। লক্ষ্য করলাম ওঁর পরণের স্যুটটা অত্যন্ত জীর্ণ; শীত কাটে বলে মনে হলনা। পায়ের জুতোজোড়ার অবস্থাও তথৈব চ। দাঁতবিহীন মুখখানা তুবড়ে গেছে; খুব সম্ভবতঃ দাঁত বাঁধাবার সামর্থ্য নেই। খোঁচা খোঁচা দাড়ি-গোঁফে অপরিচ্ছন্ন হয়ে আছে মুখখানা; কেমন যেন অসহায় দৈন্যে ভরা সমস্ত চেহারাটা ওঁর। এদেশে তখন আমার প্রায় হয়ে গেছে পঁয়ত্রিশ বছর। সেই বসবাসের অভিজ্ঞতা জানলো - ইনি নিশ্চয়ই ক্যানাডার ক্রমবর্দ্ধমান গৃহহারাদের একজন। স্থায়ী কোন ঠিকানা না থাকাতে ওয়েলফেয়ারের কর্তারা এঁকে দেখেও দেখেন না।

ওঁর কাছের তাক থেকে আমার পত্রিকাটি নিতে গিয়ে সন্তর্পণে উঁকি মারলাম; কী পড়েন বৃদ্ধ রোজ এসে?

দেখতে পেলাম, সবকটাই রান্না বা খাদ্যবিষয়ক পত্রিকা! বৃদ্ধের কোলের ওপরে খোলা রয়েছে ক্রিস্‌মাস্‌ সংখ্যা 'বন্‌-আপিতি'র পাতা। তাতে রয়েছে বিশেষ খাদ্য-সম্ভারে সাজানো একটা টেবিলের ছবি - নানা রঙে লোভনীয়। ওঁর মাথাটি হেলে পড়েছে একপাশে; অপরিস্কার নখ-না -কাটা তর্জনীটি রয়েছে একটি চমৎকার স্যুফ্লের ছবির ওপরে। আর ওঁর সামান্য খোলা ঠোঁটদুটোর ফাঁক দিয়ে গড়িয়ে এসেছে এক ফোঁটা লালা!

সেপ্টেম্বর, ২০১১
অটোয়া।

** এই বছর আমাদের সবার হাতে সময় অত্যন্ত কম ছিল, তাই লেখিকা তাঁর পূর্ব-প্রকাশিত এই লেখাটিই আমাদের ''লিপিকা''র জন্য দিতে চেয়েছেন। এটি আমাদের নিয়মের ব্যতিক্রম। **Lipika Editor**

একটু প্রেম আর কিঞ্চিৎ কুকুরের গল্প-সল্প

আদিত্য পদ চক্রবর্তী

কবিতা বা পদ্য মানেই যদি মিলের ব্যাপার স্যাপার হয় তা হলে কবিতা আর অবিনাশের মধ্যে এই এত গরমিল দেখা দিচ্ছে কেন?

অবশ্য মিল তো অনেক প্রকার হতে পারে। শব্দের মিল, ছন্দের মিল, ধানের মিল, মনের মিল - কোথায় যে গরমিল বোঝা বেশ কঠিন।

“বড়া যতন সে কাম, মিঠ্ঠু মিয়া নাম” - এটা তো বোঝাই যাচ্ছে শব্দের মিল - অবশ্য খটুয়া ভাষায়। তাতে কি হয়েছে - এতে দোষের কিছু দেখিনা আমি। “ঝিক্-ঝিক্ রেল চলে, ঝক্-ঝক্ ধোঁয়া উড়ে” - এখানে আবার শব্দের মিলের চেয়ে ছন্দের ই মিল দেখা যাচ্ছে বেশী। আর চালের মিল দেখতে হলে জানিনা কোথায় যেতে হবে - জামতাড়াই বোধহয় - খুবই তাড়াতাড়ি।

মনের মিল দেখতে হলে সেই কবিতা আর অবিনাশের বাসাতেই যেতে হয়েছিল আমাকে - গেলবার - হ্যাঁ, পূজার সময়েই তো !

গলায় গলায় - গলাগলি ভাবই তো দেখলাম বেশ। গলান ভাব - কিন্তু গড়ানো নয় - মানে ভাবটা গড়িয়ে যাচ্ছেনা - বেশ এক জায়গাতেই স্থির হয়ে আছে বলে মনে হল। কিন্তু চোখের দেখা আর কানের শোনাতেই গরমিল ধরা পড়ল।

অবিনাশকে বেশ হাসি-খুসিই দেখলাম। কিন্তু কবিতা - অর্থাৎ যিনি কিনা অবিনাশের অর্ধাঙ্গিনী - কেমন যেন গম্ভীর গম্ভীর ভাব।

গম্ভীর হওয়ার হেতু কি - সেটা অবশ্য আঁচ করতে পারলাম না একদম। নারীর মন - সখা শতবর্ষের ধন - এই রকম নাকি এটার কাছাকাছি কিছু দিয়ে বোধহয় কোন মহাপুরুষ নারীর

মনের বর্ণনা করেছিলেন। বেশী গভীরে যাব না - কিন্তু এটাই ধরে নিচ্ছি যে নারীর মন কোনো পুরুষের বোঝার সাধ্য নয়। আমার তো নয়ই।

যাই হোক আমাকে দেখে কবিতার ঠোঁটের কোনে খুব মিষ্টি একটা হাসির আভাস খেলে গেলো। অনেকটা যেন গভীর সাগরের ঢেউ তীরে এসে ফেনার বিস্তার করছে। কবিতার ভাবটা যেন অবিনাশকে কটাক্ষ কোরে বলছে - রোসো - তোমার কান্ড-কারখানা আজ রাঙ্গাদার কাছেই ফাঁস করবো।

আমি বলাই বাহুল্য - বেশ উৎসুক হয়েই শোনার অপেক্ষায় বসে রইলাম।

রাঙ্গাদা আগে চা করি - একটু টার সঙ্গে চা খেয়ে ধাতস্থ হয়ে বোস - তারপর তোমার গুণধর ভাইএর কান্ড-কারখানা তোমাকে বলব। শোনার পরে - মানে আমি বলব - আর তুমি শুনবে - আমি বলব - আর - আর - আর - বলতে বলতেই কবিতা প্রায় কেঁদে ফেলতে ফেলতে থেমে গেল। নাকি থামতে থামতেই কেঁদে ফেলল - ঠিক মনে নেই - সুতরাং হলফ্ কোরে কিছুই বলতে পারব না। কিন্তু এই টুকুনিই বলতে পারি - নারীর মনের গভীরে বেদনা সবকিছু ভেদ কোরে বেরিয়ে আসতে চাইছে। আমি কিছুই বললাম না - আর ওদিকে দেখি অবিনাশও বেশ গুম হয়ে বসে আছে - ভবিষ্যৎ এর কথা চিন্তা কোরেই বোধহয়।

চা-টা খাওয়ার পর শুরু করল কবিতা। জান রাঙ্গাদা - অবিনাশের ব্যাপার স্যাপার? ও নাকি সেদিন বেরিয়েছিল - আর এক বন্ধুর সঙ্গে দেখা। বন্ধু জিজ্ঞেস করল - হ্যাঁরে - সেদিন তোকে এক অপরূপা সুন্দরী মহিলার সঙ্গে ট্রামে উঠতে দেখলাম? কে রে সেই মহিলা? আর তোমার গুণধর অবিনাশ তার বন্ধুকে কি বলল জান? বলল - আরে না না, ও মহিলা হতে যাবে কেন - ও তো আমার স্ত্রী! বন্ধু নাহয় আমাকে কোনোদিন ও দেখেনি - তাই বোলে আমি কি মহিলা নই? তুমিই বল রাঙ্গাদা- রাগ হয় না এতে?

প্রেম, অভিমান এবং অনুতাপের আলোচনা থেকে আমরা এবার একটু সা রমেয়র ব্যাপারে যাবো। সারমেয় যেই - বাঘা কুকুরও সেই - আবার নেড়ী কুকুরও তাই। কুকুরের চেয়ে মানুষের বেশী আপন এবং নিকট আর কেই বা আছে জগতে?

খোকাকে পড়াতে নতুন মাস্টারমশাই এসেছেন বাড়িতে। মাস্টারমশাই বসার ঘরে ঢুকে দেখলেন বাড়ীর বাঘা কুকুর ঘরের কোনায় ন্যাতার মতন পড়ে আছে - কোন ভ্রূক্ষেপই করল না

মাষ্টারমশাই কে দেখে। বাঘা কুকুরের এই রকম ভাবে পাপোষের মতন পড়ে থাকতে দেখে নতুন মাষ্টারমশাই ভাবলেন বাঘার বোধহয় শরীর খারাপ কিংবা বয়সের ভারে জর্জরিত। যাই হক্, খোকার মা মাষ্টারমশাই কে প্লেটে করে বিস্কুট এবং চা এনে দিলেন। প্লেট আর চা টেবিলে রাখার সঙ্গে সঙ্গেই বাঘা একটু চনমনে হয়ে দাঁড়িয়ে উঠল। তারপরেই গর্-গর্ কোরে মৃদু প্রতিবাদ কোরেই ভীষন ভাবে ঘেও-ঘেও করে গর্জন করতে লাগল। সেই ঘেও-ঘেও গর্জনে কান ঝালাপালা। খোকার বাবা একটু কেমন যেন বিচলিত হয়ে পড়লেন। খোকা বাঘাকে থামাবার চেষ্টা করল -- কিন্তু ভবী ভোলবার নয়। বাঘা বীরবিক্রমে চিৎকার করে যাচ্ছে সমানে। নতুন মাষ্টারমশাই কিছু বুঝতে না পেরে জিজ্ঞাসা করলেন কি ব্যাপার। বাঘা তো বেশ নিজের মনেই চুপচাপ ছিল - এখন হঠাৎ কি হল ওর। খোকা একটু মুচকি হেসে বললো - মানে যখনই ওর থালায় কাউকে খেতে দেওয়া হয় - বাঘার ভারী রাগ হয়। ও আসলে নিজের জিনিস কাউকে দেওয়া মোটেই পছন্দ করেনা। তাই শুনে নতুন মাষ্টারমশাই খোকাকে পড়াতে রাজী হয়ে ছিলেন কিনা জানিনা - কিন্তু আমি হলে সঙ্গে সঙ্গে বাড়ীর বাইরে পা রাখতাম।

বাঘা থেকে অবাঘা আরেকটা কুকুরের ব্যাপারে যাই আমরা। “ঝামেলা” যেন আর একদম ঝামেলা না করে - এই আদেশই দিলেন আদালতের জজ সাহেব ঝামেলার মালিককে। এখন আপনাদের অবগতির জন্য জানাই যে ঝামেলা আর কেউ নয় - সে হলো মনতোষবাবুর পেয়ারের নেড়ী কুকুর - আদর করে যাকে ডাকা হয় ঝামু বলে। এখন মনতোষবাবু এবং তা র ভাই পরিতোষবাবুর মধ্যে ঝগড়া লেগেছে এই ঝামেলাকে নিয়ে। ঝগড়ার জল গড়াতে গড়াতে গিয়ে হাজির হয়েছে আদালতে। ঝামেলা এক নিরীহ গোবেচারা খয়েরী রঙের নেড়ী - ছোটবেলায় মনতোষবাবু তাকে কুড়িয়ে নিয়ে এসেছিলেন রাস্তার ধার থেকে। ঝামেলা সারাদিন কোনায় বসে ঘুমোয় আর বাটিতে দুধ দিলে চুক-চুক করে খেয়ে আবার ঘুমিয়ে পড়ে। কোন তেজ নেই, কোন গর্জন নেই - আর বেড়াল, কাক, পাখী কিছু দেখলে মিট-মিট করে দেখে আবার ঘুমিয়ে পড়ে।

কিন্তু এমনতর নিরীহ ঝামেলার কি যে হয় -- পরিতোষবাবুকে দেখলে একেবারে তেলেবেগুনে জ্বলে ওঠে। তখন তার যে কি ভীষণ বিক্রম - যেন কামড়ে ওঁকে একেবারে শেষ করে ফেলবে। আর ঠিক এই নিয়েই অভিযোগ পরিতোষবাবুর। তাঁর দাদা মনতোষবাবু নাকি ঝামেলাকে লেলিয়ে দেয় ভাইএর দিকে - উদ্দেশ্য ভাইকে পৈতৃক বাড়ি থেকে বাড়িছাড়া করে একলাই বাড়ি জবর-দখল করা। বুঝতেই পারছেন যে দুই ভাইয়ে বনিবনা নেই। দাদা বলেন বাড়িটা ওঁর নামেই লে খা আছে - নাকি পূর্বপুরুষরাই একেবারে পোস্টাপিসের স্ট্যাম্পমারা কাগজে সই করে দিয়েছেন আর

তাই বাইরের লোকজন দেখলেই ঝামু রে রে করে তেড়ে যায়। ভাই বলেন - কুকুর দিয়ে আমাকে বাড়িতে ঢুকতে না দেবার ধান্ধা! দেখ লেঙ্গা।

আদালতে পরিতোষবাবু নালিশ করেছে তার দাদা মনতোষের নামে। আগেরদিন নাকি ঝামু ডান পায়ের বুড়ো আঙুলটাকে আঁচড়েকামড়ে রক্ত বার করে দিয়েছে। এ রকম সাংঘাতিক কুকুরের জেল হওয়াই উচিৎ। কামড়েছে - না হাতি, বললেন মনতোষবাবু, একটু গরগর করেছিল বটে কিন্তু কামড়ায়নি মোটেই ধর্মাবতার। যাই হোক, হাইকোর্টের জজসাহেব রায় দিয়েছেন যে ঝামুকে বেঁধে রাখতে হবে এখন থেকে। শুধু তাই নয় কুকুর হইতে সাবধান নোটিশবোর্ডও টাঙাতে হবে বাড়ির সামনে। রায় শুনে পরিতোষবাবু খুবই খুশী - এবার বোঝা যাবে কত মাংসে কত হাড়! আর মনতোষবাবু যে কি বেজায় খাপ্পা - দেখে নেব, সুপ্রিমকোর্টে যাব, চালাকি পেয়েছে! আমার ঝামুর গায়ে এতটুকু কেউ হাত দিলে দেখে নেব - ঝামুকে লেলিয়ে দেব!

প্রায় একটু প্রেমের ধার ঘেঁষা গল্প দিয়েই লেখার পালা সাঙ্গ আজ।

খুবই প্রেমশানিত মিষ্টি গলায় গিন্নি জিজ্ঞাসা করলেন - হ্যাঁগো, এই যে তুমি সকাল আটটায় বেরিয়ে যাও কাজে - আর ফেরো সেই রাত আটটায়। কি করো এতক্ষণ আপিসে বসে? সত্যভাষণে খুব একটা পটু নন এই পতিদেব। কিন্তু এক্ষেত্রে ক্ষণিক দুর্বলতাবশতঃ সত্যিকথাই বলে ফেললেন ছোট্ট করে - কিছুই না। গিন্নি খুব একটা বিচলিত হলেন না, কেবল আরোও মধুর কণ্ঠে বললেন - কিছুই যদি না করো তাহলে বোঝ কেমন করে যে কাজ শেষ হয়েছে আর বাড়ি ফেরার সময় হল?

টুকরো টুকরো স্মৃতি (তৃতীয় পর্ব্ব)

বেণু নন্দী

তাগিদ এসেছে শারদীয়া "লিপিকা"তে কিছু লেখা দেবার জন্যে। ভাবলাম বয়স হয়েছে - আর বেশী ছ্যাবলামোর দিকে না যাওয়াই ভাল। তাই এক নির্জ্জন দুপুরে ফেলে আসা দিনগুলোর দিকে তাকিয়ে ভাবতে লাগলাম - দুটি সৌম্যমূর্ত্তি ভেসে উঠলো আমার চোখের সামনে - ছোটবেলায় কত কাছে তাঁদের পেয়েছিলাম - তখন কি কখনও ভেবেছিলাম - কি সৌভাগ্য আমাদের যে তাঁদের এত নিকট সান্নিধ্যে আমরা আসতে পেরেছি? তাঁদের স্নেহ, ভালবাসা ও আশীর্বাদ পেয়েছি?

আজ আমাদের পূজ্যপাদ শ্রীভূপেন্দ্রনাথ সান্ন্যালমশাই ও শ্রীভূতনাথ পন্ডিতমশাইএর কথাই বলব।

ভাগলপুর থেকে প্রায় ত্রিশ/চল্লিশ মাইল দূরে মন্দারপাহাড় ও বংশী সহর। আমাদের ধর্মপুস্তকেও কথিত আছে বাসুকী মন্দারপাহাড় মন্থন করে অমৃত আনেন। সেই পাহাড়ের বুকে বাসুকীর মন্থনের চিহ্ন বা ছাপ অনেক ভ্রমনকারীরাই দেখতে যান। অনেক আগে মন্দারপাহাড়ের চূড়ায় মধুসূদনজীর মন্দির ছিল - পূজা ইত্যাদি হত - অনেকে মানৎ ও করতেন। পরে মধুসূদনজীকে মন্দারের পাদদেশে বংশীতে মন্দির তৈরী করে প্রতিষ্ঠিত করা হয়।

বংশী ও মন্দারপাহাড় খুবই সুন্দর জায়গা - যেমন আবহাওয়া তেমনই প্রাকৃতিক দৃশ্য - শস্যশ্যামলা -ধানের ক্ষেত - বাঁধান সড়কের দুধারে সারি সারি শাল, মহুয়া, পলাশ ইত্যাদি গাছ। কাছেই বাগডুম্বা বা মধুসূদননগর - ছোটোখাটো একটা বসতি। মন্দারের তখন স্বাস্থ্যকর জায়গা হিসেবে খুব নাম।

ভাগলপুরের খুব কাছেই এত সুন্দর এক জায়গা থাকায় কোন ছুটিছাটা হলে বাবা প্রায়ই আমাদের নিয়ে বাগডুম্বায় চলে আসতেন। আমরা থাকতাম অরুণবাবুর বাড়ীতে ভাড়া নিয়ে। আরো একটা বিশেষ আকর্ষণ ছিল সেখানে - ভূপেনদাদুর আশ্রম। সরস্বতীপূজোর সময় বিশেষ করে - কারণ সে সময় ভূপেনদাদুর শিষ্যেরা বিরাট ঘটা করে ওঁর আশ্রমে ভান্ডারা দিতেন।

ভূপেন্দ্রনাথ সান্ন্যালমশাই সুবিখ্যাত ক্রিয়াযোগী শ্রীশ্যামাচরণ লাহিড়ীর শিষ্য। যতদূর মনে পড়ে,ভাগলপুরের কোন এক মারোয়াড়ী ভদ্রলোককে ভূপেনদাদু আশীর্বাদ করে ভাল করে দেওয়ায়

তিনি বাগডুম্বায় শ্বেতপাথরের জোড়ামন্দির তৈরী করে দেন। তাদের একটিতে ভূপেনদাদুর গুরুদেব শ্যামাচরণ লাহিড়ী মশায়ের মূর্ত্তি আর অন্যটিতে শ্বেত শিবলিঙ্গ। মন্দিরের কাছাকাছিই ভূপেনদাদুর বিরাট আশ্রম গড়ে ওঠে। গুরুকুল প্রতিষ্ঠিত হয় - গুরুকুলে ছোট ছোট শিশুদের বেদ অধ্যয়নের ব্যবস্থা হয়। সরস্বতীপূজোর সময় প্রতি বছর ভূপেনদাদু বারাণসী অথবা কোলকাতা থেকে চলে আসতেন ওঁর পুরো পরিবারকে নিয়ে - সঙ্গে বহু শিষ্যের দলও আসতেন। বিরাট ভান্ডারা লাগতো। ভূপেনদাদুর অনেক ধনী বাঙালী শিষ্যেরা বাগডুম্বায় ক্রমে অনেক ছোট ছোট ফুলে ফলে ভরা বাংলোও তৈরী করে ফেলেন।

বাবার কাছে শোনা - ভূপেনদাদু ও আমাদের ঠাকুমার ভাই - বাবার ছোটমামা - ছোটবেলায় আমাদের ভাগলপুরের বাড়ীতে বেশ কিছুদিন ছিলেন। আমাদের ঠাকুরদা তখন গৃহী হয়েও সন্ন্যাসীর মত জীবনযাপন করতেন। তিনি একাহারী ছিলেন ও ভাগবতপাঠ করে সময় কাটাতেন। ঠাকুরদার জীবনচর্যা ভূপেনদাদু ও আমাদের দাদু অর্থাৎ বাবার মামা দুজনকেই প্রভাবিত করে এবং তাঁরা ছোটবেলা থেকেই কৃচ্ছসাধন অভ্যাস করেন যথা কম্বলের ওপর শোওয়া, মাথায় বালিসের বদলে ইঁট দেওয়া ইত্যাদি।

আমাদের ঠাকুরদা খুব উদারপ্রকৃতি ছিলেন। কেউ শিষ্যত্ব গ্রহণ করতে চাইলে উনি দিতেন না, বলতেন যে তাঁর গুরু হবার ক্ষমতা নেই। একজন কেউ অব্রাহ্মণ ওঁর কাছে পৈতে গ্রহণ করতে চাইলে উনি তাকে বলেছিলেন - ব্রাহ্মণের গলায় পৈতে এখন দড়ি হয়ে গেছে - তুমি কি শখ করে গলায় দড়ি দিতে চাও? এহেন ব্যক্তির ছায়ায় ভাগলপুরের বাড়ীতে ভূপেনদাদুর ছোটবেলা কাটে। ঠাকুমাকে দিদি ডাকতেন বলে উনি বাবার ভূপেন মামা - আর আমাদের ভূপেনদাদু।

আগেই বলেছি উৎসবের দিনে - বিশেষ করে সরস্বতীপূজোর সময় আমরা বাগডুম্বায় চলে আসতাম। হাসি তার হারমোনিয়াম, গানের খাতা আর আমাদের ভাই শৈলেন তার ডুগি তবলা নিয়ে - কারণ জানি ভূপেনদাদুর কাছ থেকে ডাক আসবে হাসির ভজনগান শোনার জন্য। উনি খুব মজা করে হাসিকে বলতেন একজন ফরাসী লেখকের উল্লেখ করে তোকে যে আমি বিয়ে করব সে তো তোর কাছ থেকে গান শেখার জন্যই। নেহাৎ নাতনীকে দাদুর ঠাট্টা আরকি!

ভাগলপুরের মহিলা কলেজের সংস্কৃতের প্রোফেসর হিরণদি - হিরণ্ময়ী সেন - ও ইতিহাসের প্রোফেসর কল্যাণী দি - কল্যাণী বোস - দুজনেই ভূপেনদাদুর কাছে দীক্ষা নেন।

ভূপেনদাদু আমাদের এত ভালবাসেন দেখে ওঁরা দুজনেই আমাদের বলেন - তোমরা ওঁর কাছে দীক্ষা নিচ্ছ না কেন! তোমাদের এত ভালবাসেন? কি জানি - কেন নিইনি। এখন তার কোনো জবাব পাইনা।

এবারে ভূতনাথ পন্ডিত মশায়ের কথায় আসি। ভূতনাথ পন্ডিত মশাই ছিলেন ভাগলপুরের জেলা স্কুলের সংস্কৃত ও বাংলার শিক্ষক। বাবা, জ্যেঠা, কাকারা ছোটবেলায় এখানেই পড়েছেন। ছয় ফুট লম্বা, আজানুলম্বিত বাহু - সচরাচর দেখা যায় না - আর পান্ডিত্যে ভরা। তখনকার দিনে স্কুলের শিক্ষকদের কিইবা মাইনে ছিল - তাই বেশ অর্থকষ্টের মধ্যে দিয়ে ওঁর জীবন কাটে। কিন্তু সদা আনন্দময় মূর্ত্তি। গঙ্গার ধারে ওঁর ছোট্টো বোধহয় মাটিরই বাড়ি ছিল। ওঁর দৈনন্দিন পূজো ছিল - সূর্যোদয় ও সূর্য্যাস্তের সময় খোলামাঠে দাঁড়িয়ে সূর্য্য প্রণাম মন্ত্র পড়ে সূর্য্য প্রণাম - ঠিক নামাজ পড়ার মত ভঙ্গিতে। আর উনি আমাদের সকলকে বলতেন সূর্য্য প্রণাম করো - তিনি প্রত্যক্ষ দেবতা। একটা ছোট ঘাস পর্য্যন্ত সূর্য্যরশ্মি ছাড়া জন্মাতে পারেনা - বাঁচতে পারেনা। ওঁর আরো একটা ক্ষমতা ছিল - কারুর মুখ দেখেই উনি তার ভূত, বর্ত্তমান, ভবিষ্যত বলে দিতে পারতেন। স্কুলের ছেলেদের উনি খুব ভাল বাসতেন। ছেলেরা কিন্তু ওঁকে ভীষন ভয় করত - কখন কার মুখ দেখে উনি বলে দেবেন - কে কখন কি দুষ্টুমী করেছে - কার বাগানে গিয়ে আম চুরি করে খেয়েছে ইত্যাদি। ক্লাসে ঢুকেই কোনো একটা ছেলের দিকে হাতের ছড়ি নির্দ্দেশ করে বলতেন You Stand up on the bench বলে তার কীর্ত্তি ফাঁস করে দিতেন।

